

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.৪২.০১০০.০০০.১৪.০৮৬.১৫. ১৭৪৫

তারিখ: ২৬ আষাঢ় ১৪২৩  
জুলাই ২০১৬

বিষয়: ২০১৫-২০১৬ অর্থ বছরে বাগেরহাট জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতা গৃহীত প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।


সূত্র: বাগেরহাট জেলা পরিষদের স্মারক নং-জেপবা/এক-০১/নিজস্ব/২০১৫-১৬/৮৬, তারিখ: ২৪/৩/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ২০১৫-২০১৬ অর্থ বছরের রাজস্ব বাজেটের বিভিন্ন খাতের আওতায় ৩৬,০০,০০০/- (ছত্রিশ লক্ষ) টাকায় গৃহীত ৭টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহ:

- ১) প্রশিক্ষনার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করতে হবে;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট উপ পরিচালক, স্থানীয় সরকার, বাগেরহাট উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বাগেরহাট এর সম্মুখে কমিটি গঠন করতে হবে;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত কোর্সসমূহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুরূপে পরিচালনা করতে হবে এবং প্রশিক্ষণার্থীগণ অন লাইনে অর্থ উপার্জনের প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে এরূপ বিষয় কোর্স মডিউলে অন্তর্ভুক্ত হবে;
- ৫) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৬) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য অনধিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান করা যাবে এবং প্রশিক্ষণার্থীগণ যেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/ যাওয়াত বাবদ ভাতা দেয়া যাবে না; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে;
- ৭) যেহেতু আলোচ্য প্রশিক্ষণ কার্যক্রম জেলা পরিষদ আইন ২০০০ এর ঐচ্ছিক কার্যাবলীর সামাজিক উন্নয়নের আওতাভুক্ত সেহেতু জেলা পরিষদের কার্যাবলীর আওতাভুক্ত কোন প্রকল্প বাস্তবায়নের জন্য (জেলা পরিষদ চত্বরে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে আলাদাভাবে কোন সম্মানী দেয়া যাবেনা;
- ৮) সেলাই মেশিন ক্রয়ের ক্ষেত্রে ব্রান্ড মেশিন (সিংলার/বাটার ফ্লাই) ক্রয়;
- ৯) পরিচালক স্থানীয় সরকার, খুলনা এবং উপপরিচালক, স্থানীয় সরকার বাগেরহাট এর উপস্থিত থেকে জান/ রিক্লা বিতরণ শেষে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করবেন;
- ১০) ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকায় গৃহীত ড্রাইভিং প্রশিক্ষণ প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগের ১৩/৩/২০১২ তারিখের ৭৯১ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণ শেষে আবশ্যিকভাবে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

সং যুক্তি: বর্ণনামতে।



(জুবাইদা নাসরীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, বাগেরহাট।

অনুলিপি:

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, বাগেরহাট।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ক্রমিক নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
১	৫ জন শিশু ও বৃদ্ধদের হুইল চেয়ার বিতরণ	১.০০
২	বেকার যুবক/ যুব মহিলাদের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ	৯.০০
৩	দারিদ্র নিরসন, নারী উন্নয়ন আত্র কর্মসংস্থান, জীবনমান উন্নয়ন ও সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ (১) কম্পিউটার প্রশিক্ষণ (৪০ জন) টাকা ৬.৯৬ (২) সেলাই মেশিন (২০)টি টাকা ১.৭৬ (৩) ভ্যান গাড়ি প্রদান (৩৩)টি টাকা ৫.২৮	১৪.০০
৪	বেকার যুবক/যুব মহিলাদের জন্য বৈদ্যুতিক ট্রেড কোর্স (ইলেকট্রিক্যাল এন্ড হাইজওয়ারিং প্রশিক্ষণ)	১.৫০
৫	দক্ষতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ (রেফ্রিজারেশন, এন্ড এয়ারকন্ডিশনিং)	১.৫০
৬	সামাজিক কল্যাণ মূলক প্রকল্প ও সমাজ কল্যাণ ও সমাজ উন্নয়ন মূলক প্রকল্পে অসহায় হত দরিদ্রদের মাঝে রিক্সা বিতরণ (৩৪)টি	৭.০০
৭	অর্থনৈতিক কল্যাণ মূলক প্রকল্পে মৎস্য মৌ চাষ কৃষি ও খাদ্য সংক্রান্ত প্রশিক্ষণ	২.০০
	মোট=	৩৬.০০

১